

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য, “বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)” এর অনুকূলে উক্ত প্রতিষ্ঠানের উদ্ধৃত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ:

- (ক) “বাংলাদেশ প্রতিবন্ধী কল্যাণ সমিতি (বিপিকেএস)” এর অনুকূলে কর অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় প্রতিবন্ধীদের কল্যাণার্থে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) উক্ত সমিতিকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdtroy.com.bd/www.itr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ছুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

সিদ্ধান্তিত